**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-২০, ঢাকা
৬৩, পশ্চিম আগারগাঁও, ঢাকা।
www.taxeszone20dhaka.gov.bd

নথি নং-নিয়োগ-২০২৪/কঅ-২০/২০২৫-২০২৬/

তারিখঃ ২৮ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**নিয়োগপত্র**

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, কর-১ শাখা এর স্মারক নং- ০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.১৫৭, তারিখ: ০৪/০৪/২০২৪ খ্রিঃ অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে এবং কর অঞ্চল-২০, ঢাকা এর স্মারক নং-জনবল নিয়োগ/কঃঅঃ-২০/২০২৫-২০২৬/৮৮, তারিখ: ০৪ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ মোতাবেক বিভাগীয় নিয়োগ প্রদান কমিটির সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৩ এর বেতনক্রম **টাকা ১১,০০০-২৬,৫৯০/-** এবং সরকার কর্তৃক অনুমোদিত প্রযোজ্য ভাতাদিসহ কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-২০, ঢাকায় **"প্রধান সহকারী"** পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো ঃ

| ক্রমিক নম্বর | রোল নম্বর | প্রার্থীর নাম এবং পিতার ও মাতার নাম | জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | নিজ জেলা |
|---|---|---|---|---|---|
| ১. | ১২০২৩৮৬ | জনাব মোঃ মোবারক হোসেন<br>পিতা মোঃ ইসমাইল ভুইয়া<br>মাতা-কুলসুম বেগম | ২৫-০৫-১৯৯৪ | গ্রাম-বানিয়ারচর<br>ডাকঘর-মেঘনা বাজার-১৬০৪<br>উপজেলা/থানা-নরসিংদী সদর<br>জেলা-নরসিংদী | নরসিংদী |
| ২. | ১২০২৮৬২ | জনাব বিকাশ চন্দ্র দাস<br>পিতা- বিনোদ চন্দ্র দাস<br>মাতা- আলো রানী দাস | ০২-০১-১৯৯৫ | গ্রাম- সোনাতলা<br>ডাকঘর- চা-বাগান-১৭০৩<br>উপজেলা/থানা- কালিয়াকৈর<br>জেলা- গাজীপুর। | গাজীপুর |
| ৩. | ১২০০৮২৯ | জনাব মোঃ জিহান<br>পিতা-মোঃ নাজিম উদ্দিন<br>মাতা- শিউলি আক্তার | ০২-০২-১৯৯৫ | গ্রাম-১৫৮/১; ১ম কলোনী, মাজার রোড, মিরপুর-১;<br>ডাকঘর: মিরপুর ১-১২১৬<br>উপজেলা/থানা: দারুস-সালাম<br>জেলা-ঢাকা। | ঢাকা |
| ৪. | ১২০০৭৭৮ | জনাব মোঃ শাহাদাত হোসেন<br>পিতা-মোঃ মোতালেব মুন্সী<br>মাতা-মোহসীনা বেগম | ২০-১০-১৯৯৫ | গ্রাম-চর কুমারিয়া<br>ডাকঘর-ঢেউখালী-৭৮২২<br>উপজেলা/থানা-সদরপুর<br>জেলা-ফরিদপুর। | ফরিদপুর |

**২। শর্তাবলী নিম্নরূপঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সরকার নির্ধারিত সকল বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে।

(খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশকালে তাঁর কাজকর্ম ও আচরণ সন্তোষজনক মর্মে প্রতীয়মান না হলে তাঁর শিক্ষানবিশকালের মেয়াদ বর্ধিত করা হতে পারে। বর্ধিত সময়ে তাঁর কাজকর্ম ও আচরণ সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো সময়ে তাঁর চাকরির অবসান ঘটাতে পারবেন।

(গ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতার স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময়ে দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই এই নিয়োগ বাতিল করতে পারবেন।

(ঘ) অন্য কোনো সরকারি/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত থাকলে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অব্যাহতি/অবমুক্তকরণের পত্র দাখিল করতে হবে।

(ঙ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর দাখিলকৃত সনদপত্র/তথ্যাদির কোনো গড়মিল পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোন সময় তাঁর চাকরির অবসান ঘটাতে পারবেন।

(চ) চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত বিধি মোতাবেক নির্ধারিত হবে।

(ছ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(জ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয়ের ক্ষেত্রে, তা সরকারের প্রচলিত আইন, আদেশ এবং বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৩। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

৪। উপর্যুক্ত শর্তাবলী অনুযায়ী চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী **৩০/১১/২০২৫ খ্রি.** তারিখে তাঁকে কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-২০, ঢাকায় উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করতে হবে। কোনো সন্তোষজনক কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হলো এবং কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগকারী কর্তৃপক্ষ তা বাতিল/সংশোধনের অধিকার সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত- ১৩/১১/২৫
(মনোয়ার আহমেদ)
কর কমিশনার
কর অঞ্চল- ২০, ঢাকা

নথি নং-নিয়োগ-২০২৪/কঅ-২০/২০২৪-২০২৫/ ২৫২(ক) (১-৭)

তারিখ: ২৮ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। সিভিল সার্জন (ঢাকা বিভাগের সকল জেলা)।
৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব (উদ্বৃত্ত কর্মচারী শাখা/পরিসংখ্যান ও গবেষণা সেল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬। অফিস কপি।
৭। সংশ্লিষ্ট প্রার্থী........................................................

১৩/১১/২৫
(শাহিন সুলতানা)
উপকর কমিশনার
সদর দপ্তর প্রশাসন
কর অঞ্চল-২০, ঢাকা।